
## আইডিসির পরিসংখ্যান

# বৈশ্বিক মন্দায়ও দ্বিতীয় কোয়ার্টারে ট্র্যাডিশনাল পিসি শিপমেন্ট বাড়ছেই

**এম. তৌসিফ**

২০২০ সালের দ্বিতীয় কোয়ার্টার বা চতুর্থকটি (এপ্রিল-জুন) ভালোভাবেই কেটেছে প্রচলিত পিসি বাজারের জন্য। প্রচলিত পিসি বাজার বলতে বুঝি ডেস্কটপ, নোটবুক ও ওয়ার্কস্টেশনের বাজারকে। এই সময়ে এ বাজারে পূর্ববর্তী বছরের একই সময়ের তুলনায় শিপমেন্ট বা চালান ১১.২ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ৭ কোটি ২৩ লাখ ইউনিটে। এই তথ্য পাওয়া গেছে ইন্টারন্যাশনাল ডাটা করপোরেশনের (আইডিসি) 'ওয়ার্ল্ডওয়াইড কোয়ার্টারলি পার্সোন্যাল কমপিউটিং ডিভাইস ট্র্যাকার'-এর প্রাথমিক ফলাফল থেকে।




এই দ্বিতীয় চতুর্থক বা এপ্রিল-জুন সময়ের প্রথম কয় সপ্তাহে বিশ্বব্যাপী বিধিনিষেধ বেড়ে যায়, তখন নোটবুকের চাহিদা বাড়তে থাকে অব্যাহতভাবে। কারণ, তখন ব্যবসায়িক ও বিভিন্ন সমাজের স্কুলগুলোর কার্যক্রম চালু রাখতে অনলাইন যোগাযোগ অপরিহার্য হয়ে পড়ে।

আলোচ্য কোয়ার্টারে আনুষঙ্গিক সমস্যা থাকা সত্ত্বেও বিমান ও জাহাজ ভাড়ার খরচ ও ফ্রিকুয়েন্সি ধীরে ধীরে স্বাভাবিক হয়ে আসে, অর্থাৎ নেমে আসে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের আগের পর্যায়ে। এর অর্থ হচ্ছে, বিশ্বব্যাপী খুচরা বিক্রেতা ও অন্য পরিবেশকেরা প্রচুর পরিমাণে সরবরাহ সুযোগ পেয়েছে এবং তারা প্রয়োজনীয় চাহিদা মেটানোর জন্য প্রস্তুত ছিল।

আইডিসির 'মোবাইল ডিভাইস ট্র্যাকারস'-এর রিসার্চ ম্যানেজার জিতেশ আবরানি বলেছেন : 'বাড়ি বসে কাজের জোরালো চাহিদা এবং সেই সাথে অনলাইনে শিক্ষার প্রয়োজনটা আগের প্রত্যাশাকে ছাড়িয়ে গেছে। এর ফলে ভোক্তাদের টেক পোর্টফোলিওর কেন্দ্রে এসে দাঁড়ায় পিসি, যা এখনো দেখার বাকি তা হচ্ছে– এই চাহিদা ও উঁচু হারের ব্যবহার করোনা-উত্তর সময়ের মন্দার সময়েও অব্যাহত থাকবে কি না। কারণ, কর্মক্ষেত্র ও স্কুলগুলো খুলে গেলে এ খাতের বাজেট কমে যাবে।

আইডিসির 'ডিভাইস অ্যান্ড ডিসপ্লেইজ'-এর রিসার্চ ভাইস প্রেসিডেন্ট লিন হুয়াং বলেন, 'প্রাথমিক দিকে ইঙ্গিতগুলো থেকে বুঝা যায়– শিক্ষা, ব্যবসায় প্রতিষ্ঠান ও ভোক্তাদের জন্য পিসির চালান কিছুটা ঝিমিয়ে পড়বে ফ্রোজেন এসএমবির (সার্ভার মেসেজ ব্লক) মাধ্যমে। ইনভেন্টরির (সব ধরনের পণ্যের) স্টিল ব্যাক অর্ডারের পণ্যগুলোর শিপমেন্ট বা চালান চলবে জুলাই মাস পর্যন্ত। তা সত্ত্বেও আমরা যখন বৈশ্বিক মন্দার গভীর থেকে গভীরতর পর্যায়ের দিকে যাব, তখন ব্যবসায়িক সুনাম ক্রমেই কমবে।'

প্রসঙ্গত উল্লেখ্য, এসএমবি হচ্ছে একটি নেটওয়ার্ক প্রটোকল, যা ব্যবহার হয় উইন্ডোজভিত্তিক কমপিউটারে। এটি একটি নেটয়ার্কের মধ্যকার সিস্টেমকে ফাইল শেয়ারের সুযোগ দেয়। একটি নেটওয়ার্ক বা ডোমেইনে যুক্ত কমপিউটারকে এটি অন্য কমপিউটারগুলোর ফাইলে অ্যাক্সেসের সুযোগ এতটাই সহজে করে দেয়, যেন এগুলো ছিল কমপিউটারের লোকাল হার্ডড্রাইভে।

### অঞ্চলভিত্তিক পরিস্থিতি

জাপান বাদে এশিয়া/প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল : আলোচ্য কোয়ার্টারে এ অঞ্চলে ট্র্যাডিশনাল পিসি শিপমেন্টের পরিমাণ ছিল আইডিসির প্রত্যাশার ওপরে। এ কোয়ার্টারে আগের বছরের একই কোয়ার্টারের তুলনায় এই বাজার কিছুটা বেড়েছে। চলতি বছরের প্রথম কোয়ার্টারের দুর্বল বাজার ও সরবরাহ কম হয়েছে চীনের কারখানাগুলো বন্ধ হয়ে যাওয়ায়। দ্বিতীয় কোয়ার্টারে এসে শিপমেন্ট পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হয়। কারণ, তখন চাহিদা বেড়ে যায় বাড়ি বসে কাজ ও অনলাইন লার্নিংয়ের। এর ফলে এ সময় চাহিদা বাড়ে নোট বুক পিসির।

**কানাডা :** এই কোয়ার্টারে দেশটিতে ট্র্যাডিশনাল পিসি মার্কেটের প্রবৃদ্ধি অব্যাহত ছিল। এটি ছিল দেশটির ধারাবাহিক ১৬তম প্রবৃদ্ধি

**সেরা পাঁচ কোম্পানি: বিশ্বব্যাপী ঐতিহ্যবাহী পিসি-বাণিজ্য, বাজার শেয়ার এবং বছরব্যাপী প্রবৃদ্ধি কিউ-২ ২০২০**
(প্রাথমিক ফলাফল, বাণিজ্য প্রতি হাজারে)

| কোম্পানী | ২কিউ২০ শিপমেন্টস্ | ২কিউ২০ মার্কেট শেয়ার | ২কিউ১৯ শিপমেন্টস্ | ২কিউ১৯ মার্কেট শেয়ার | ২কিউ২০/১কিউ১৯ গ্রোথ |
|---|---|---|---|---|---|
| ১. এইচপি | ১৮,০৮২ | ২৫.০% | ১৫,৩৬৬ | ২৩.৬% | ১৭.৭% |
| ২. লেনোভো | ১৭,৪১১ | ২৪.১% | ১৬,২১৪ | ২৪.৯% | ৭.৪% |
| ৩. ডেল | ১২,০১০ | ১৬.৬% | ১১,৬০৬ | ১৭.৯% | ৩.৫% |
| ৪. অ্যাপল | ৫,৫৭৪ | ৭.৭% | ৪,১১২ | ৬.৩% | ৩৬.০% |
| ৫. এসার | ৪,৮২৮ | ৬.৭% | ৪,২৮৫ | ৬.৬% | ১২.৭% |
| অন্যান্য | ১৪,৩৩৭ | ১৯.৮% | ১৩,৪২০ | ২০.৬% | ৬.৮% |
| সর্বমোট | ৭২,২৬১ | ১০০.০% | ৬৫,০০৩ | ১০০.০% | ১১.২% |

সূত্র : আইডিসি কোয়ার্টালি পারসোনাল কমপিউটিং ট্রাকার, জুলাই ৯, ২০২০

অর্জনের কোয়ার্টার। ২০১২ সালের পরবর্তী সময়ে এটি দ্বিতীয় উচ্চতম শিপমেন্ট অর্জনের কোয়ার্টার। বাড়তি চাহিদা ছিল পোর্টেবল কমপিউটিংয়ের। ভোক্তা ও প্রতিষ্ঠান পর্যায়ে ব্যাপক চাহিদা ছিল ক্রোমবুকের। অনলাইনে বেচাকেনা বেড়ে যাওয়ায় প্রান্তিক গ্রাহকদের কাছে বাড়ে ইনভেন্টরির বা সব ধরনের পণ্যের চাহিদা। এতে মনে হয় নানা বিধিনিষেধ তুলে নেয়ার পর এ বছরের দ্বিতীয়ার্ধ অর্থনীতির জন্য ভালোই যাবে।

**ইউরোপ, মধ্যপ্রাচ্য ও আফ্রিকা :** এ অঞ্চলে ট্র্যাডিশনাল পিসি শিপমেন্ট ইতোমধ্যেই উচ্চাকাঙ্ক্ষী প্রত্যশার পর্যায় ছাড়িয়ে গেছে। চলতি বছরের দ্বিতীয় কোয়ার্টারে এ অঞ্চলে এই বাজারে দুই অঙ্কের প্রবৃদ্ধি ঘটেছে। যখন লকডাউন পুরোদমে এলো, তখন বাড়ি বসে কাজ ও পড়াশোনার ফলে সৃষ্ট বাড়তি চাহিদা মেটানো সম্ভব হয়।

**জাপান :** আলোচ্য দ্বিতীয় কোয়ার্টারে জাপানের ট্র্যাডিশনাল পিসি বাজার অধিকতর সঙ্কুচিত হয়েছে। এরপরও দেশটি এর চেয়েও ভালো ফলাফল অর্জন করেছে ভোক্তা ও বাণিজ্যিক সেগমেন্টে। বাণিজ্যিক সেগমেন্টে ভালো অর্জনের কারণ বাড়িতে বসে কাজ করার উপযোগী নোটবুকের চাহিদা বেড়ে যাওয়া। বাকি সুবিধা মিলেছে উইন্ডোজ ১০ মাইগ্রেশনের কারণে। অপরদিকে ভোক্তা সেগমেন্টের প্রবৃদ্ধি ঘটেছে বাড়িতে বসে কাজ ও শেখার হার বেড়ে যাওয়ায়।

**লাতিন আমেরিকা :** গত বছরের তুলনায় এবারের দ্বিতীয় কোয়ার্টারে এ অঞ্চলে পিসি বাজার ৪ শতাংশ কমে গেলেও নোটবুক শিপমেন্ট বেড়েছে ১০ শতাংশ। এই ক্যাটাগরির ক্ষেত্রে দুই বছরের মধ্যে এটি হচ্ছে সর্বোত্তম সাফল্য। এ অঞ্চলের সবগুলো দেশে মোবাইলিটি হয়ে উঠেছে সর্বোচ্চ অগ্রাধিকারের ক্ষেত্র। এর ফলে ডেস্কটপ ডিভাইসের ব্যবহার উল্লেখযোগ্য মাত্রায় কমে গেছে। দূরবর্তী কাজ, হোম স্কুলিং ও বিনোদন ইতিবাচক প্রভাব ফেলেছে ভোক্তা ও বাণিজ্যিক ল্যাপটপ বাজারে।

**যুক্তরাষ্ট্র :** চলতি বছরের দ্বিতীয় কোয়ার্টারে গত বছরের একই সময়ের তুলনায় যুক্তরাষ্ট্রের ট্র্যাডিশনাল পিসি শিপমেন্ট অর্জন করেছে দুই অঙ্কের প্রবৃদ্ধি। তবে চলতি বছরের প্রথম কোয়ার্টারে অর্থাৎ প্রথম তিন মাসে পিসি শিপমেন্ট এক দশকের বেশি সময়ের মধ্যে রেকর্ড মাত্রায় কমে গিয়েছিল। অপরদিকে দ্বিতীয় কোয়ার্টারটি বিপ্রতীপ কারণে ছিল রেকর্ড ভাঙার সময়। প্রত্যাশা ছিল এই সময়ে ট্র্যাডিশনাল পিসির শিপমেন্টের পরিমাণ ২ কোটি ১০ লাখ ইউনিট ছাড়িয়ে যাবে। বাস্তবে ২০০৯ সালের পর যুক্তরাষ্ট্র কখনই একটিমাত্র কোয়ার্টারে এত বেশি ইউনিট শিপমেন্ট করতে পারেনি। ইনভেন্টরির মজুদ ও রেকর্ড পরিমাণ চাহিদার কারণে 'স্টে-অ্যাট-হোম' অর্ডার হতে পারত এই কোয়ার্টারের আরেকটি রেকর্ড ভাঙা ঘটনা, যা প্রত্যাশা করা হয়েছিল কজ

*ফিডব্যাক : golapmunir@yahoo.com*

CJLive
Offer LIVE Webcasting and Conferencing
LIVE
YouTube LIVE
Web Conferencing Solution
StreamingLive
Starting From
Only 15,000 BDT
About Us
The Comjagat Technologies provides Live Webcasting services to Government Organizations, Business Organizations, NGO's, Educational Institutions, other types of organizations and individuals. We provide Live Webcasting services, which attract more viewers from any part of the world to attend a live event online. It has 7 years' Experience in this area and covered 500+ local and international events.
Our Service
- Live Webcast
- High Quality Video DVD
- Online archive
- Multimedia Support
- Switching Panel
The program we live webcast...
- Seminar, Workshop
- Wedding ceremony
- Press conference
- AGM or
- Any event
01670223187
01711936465
comjagat TECHNOLOGIES
House- 29, Road- 6, Dhanmondi,
Dhaka- 1205, E-mail: live@comjagat.com